



97844 - অসুস্থতার কারণে দুই ওয়াক্তরে নামায একত্র আদায় করা

প্রশ্ন

জনকৈ ব্যক্তি পাকস্থলীর ক্যানসারে আক্রান্ত। তরল ও বর্জ্য বরে হওয়ার জন্য তার শরীরে পটেরে কাছের একটি ছিদ্র করা হয়েছে। (আল্লাহ আপনাদেরকে সম্মানতি করুন)। তিনি জিজ্ঞেসে করছেন তার জন্য কি দুই ওয়াক্তরে নামায একত্র আদায় করা জায়যে হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

হ্যাঁ; তার জন্য দুই ওয়াক্তরে নামায একত্র আদায় করা জায়যে। তিনি যোহর ও আসরের নামায একত্র আদায় করবেন এবং মাগরবি ও এশার নামায একত্র আদায় করবেন; সটো অগ্রমি একত্রিকরণ হোক কথিবা বলিম্বতি একত্রিকরণ হোক (প্রথম নামাযের ওয়াক্তে হোক কথিবা শেষের নামাযের ওয়াক্তে হোক)। কেননা রোগ হচ্ছে—এমন একটি ওজর যার কারণে দুই ওয়াক্তরে নামায একত্র আদায় করা বধৈতা পায়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঐ নারীকে এ রুখসত দিয়েছেন যনি ছিলেন 'মুস্তাহাযা' (মাসকিরে দনিগুলোর পরেও যার রক্তস্রাব চলে) ছিলেন। তিনি তাকে দুই ওয়াক্তরে নামায একত্র আদায় করার রুখসত দিয়েছেন। [সুনানে আবু দাউদ (২৮৭) ও সুনানে তরিমযি (১২৮), শাইখ আলবানী 'সহহিত তরিমযি' গ্রন্থে হাদিসটিকে হাসান বলছেন]

'ইস্তহাযা' এক প্রকার রোগ (ইস্তহাযাগ্রস্তকে বলা হয়- মুস্তাহাযা)। ইমাম আহমাদ রোগীর জন্য দুই ওয়াক্তরে নামায একত্র আদায় করার পক্ষে এভাবে দলিল দিয়েছেন যে, অসুস্থতার অবস্থা সফরের অবস্থার চয়ে কষ্টকর। তিনি সূর্য ডোবার পর শিংগা লাগিয়েছেন, এরপর রাতের খাবার খয়েছেন, এরপর মাগরবি ও এশার নামায একত্র আদায় করেছেন। [কাশ্শাফুল ক্বনি (২/৫)]

বশিষে দ্রষ্টব্য:

যে রোগীর জন্য দুই ওয়াক্তরে নামায একত্র আদায় করা জায়যে তার জন্যে রাখা উচিত যে, তাকে প্রত্যকে ওয়াক্তরে পূর্ণ নামায আদায় করতে হবে; সংক্ষিপ্ত করা যাবে না। কেননা নামায কসর বা সংক্ষিপ্তকরণ শুধু মুসাফিরের জন্য জায়যে। কটে কটে ধারণা করে যে, রোগের কারণে সের তার নজি বাসস্থানে অবস্থান করাকালে নামায একত্র আদায় করলে নামায কসরও করতে হবে— এটা সঠিক ধারণা নয়।



শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেন: "নামায কসর করার কারণ হচ্ছে— কবেল সফর; সফর ছাড়া অন্য ক্ষেত্রে নামায কসর করা জায়যে নয়। পক্ষান্তরে, নামায একত্রে আদায় করার কারণ হচ্ছে— প্রয়োজন ও ওজর। যদি একত্রে নামায আদায় করার প্রয়োজন হয় তাহলে সফর সংক্ষিপ্ত হোক কিংবা দীর্ঘ হোক নামায একত্রিত করতে পারবে। অনুরূপভাবে বৃষ্টি ও এ ধরণে কোন কারণে একত্রিত করতে পারবে। রোগ ও এ ধরণে কোন কারণে একত্রিত করতে পারবে। এছাড়াও অন্যান্য কারণে নামায একত্রিত করতে পারবে। উদ্দেশ্য হচ্ছে- উম্মতের উপর থেকে কাঠনিয় দূর করা।"[মাজমুউল ফাতাওয়া (২২/২৯৩)]

আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি তিনি যেন, অসুস্থ মুসলমানদেরকে সুস্থ করে দেন, তাদেরকে ধৈর্য রাখা ও সন্তুষ্ট থাকার তাওফিক দেন এবং তাদেরকে উত্তম বনিমিয় দান করেন।

আল্লাহই সর্বজ্ঞঃ।